


*ইনকিলাব ঃ পাঠ্যপুস্তক কেলেংকারির প্রতিবাদে গতকাল নগরীতে সর্বদলীয় ছাত্রঐক্যের বিক্ষোভ মিছিল*

# পাঠ্যপুস্তক কেলেংকারির হোতা শেখ হাসিনা সব ক্ষেত্রেই ব্যর্থ হয়েছেন ছাত্রঐক্য

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃবৃন্দ বলেছেন, দেশ পরিচালনার ব্যর্থ ফ্যাসিস্ট হাসিনা সরকার দেশের শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করার জন্য পরিকল্পিত ষড়যন্ত্র করছে। যে সরকার সময়মত নতুন বছরে স্কুল ছাত্রদের পাঠ্য বই সরবরাহ করতে পারে না, তাদের ক্ষমতায় থাকার কোন অধিকার নেই। নেতৃবৃন্দ অবিলম্বে দেশ পরিচালনায় ব্যর্থ সরকারের পদত্যাগ, পাঠ্যপুস্তক মুদ্রণের সাথে জড়িতদের বিরুদ্ধে শাস্তি এবং বিরোধী দল দমনের তথাকথিত জননিরাপত্তা আইন

৩ এর পৃঃ ৫-এর কঃ দেখুন

## ছাত্রঐক্য

৮-এর পৃষ্ঠার পর

বাতিলের দাবি জানান। ছাত্রঐক্যের নেতৃবৃন্দ বলেন, ঐক্যবদ্ধ ছাত্র সমাজ দুর্বার আন্দোলন গড়ে তোলে হাসিনা সরকারের পতন ত্বরান্বিত করবে।

পাঠ্যপুস্তক কেলেংকারির প্রতিবাদে গতকাল (রবিবার) মুক্তাঙ্গনে সর্বদলীয় ছাত্রঐক্য আয়োজিত এক বিক্ষোভ সমাবেশে নেতৃবৃন্দ একথা বলেন। সমাবেশ শেষে একটি বিশাল মিছিল নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

ইসলামী ছাত্র মজলিসের সভাপতি জয়নুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন জাতীয়তাবাদী ছাত্রদল সভাপতি নাসির উদ্দিন আহমেদ পিন্টু, সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টু, ছাত্র শিবিরের সভাপতি নূরুল ইসলাম বুলবুল, জাতীয় ছাত্র সমাজের আহবায়ক ফখরুল আহসান শাহজাদা, পিএনপি ছাত্রদল সভাপতি মোতাহের হোসেন চৌধুরী রাশেদ, ইসলামী ছাত্র সমাজের সভাপতি আবু তাহের খান, বাংলাদেশ ছাত্র শক্তির সভাপতি মোস্তাফিজুর রহমান ইরান, মুসলিম ছাত্রলীগ সভাপতি শাহজাহান আলী, ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মজুর-ই-এলাহী, সাংগঠনিক সম্পাদক এবিএম মোশাররফ হোসেন, ছাত্র সমাজের সদস্য সচিব ফখরুল ইসলাম লিটন, জাগপা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আওলাদ হোসেন শিল্পী, ছাত্র মজলিসের সেক্রেটারি রুহুল আমিন সাদী, ছাত্র শিবিরের লুৎফর রহমান, আসম ফারুক, মুবিনুল ইসলাম, আশরাফ মাহমুদ উজ্জ্বল প্রমুখ। আরো উপস্থিত ছিলেন ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেন, ঢাকা মহানগরী দক্ষিণ সভাপতি সাগীর আহমেদ, উত্তর সভাপতি মামুন হাসান, মোস্তাফিজুল ইসলাম মামুন, হারুনুর রশিদ হারুন, জাকির হোসেন পাটোয়ারী প্রমুখ।

ছাত্রদল সভাপতি নাসির উদ্দিন আহমেদ পিন্টু বলেন, হাসিনা সরকার পরিকল্পিতভাবে শিক্ষা ব্যবস্থাকে পর্যুদস্ত করার পাঁয়তারা করছে। যাতে দেশপ্রেমিক মেধাবী নেতৃত্ব সৃষ্টি হতে না পারে। সরকারের এই হীন চক্রান্তের কারণে দেশের লাখ লাখ ছাত্রছাত্রীর শিক্ষা-জীবন আজ চরম নিশ্চয়তার মুখে। শিক্ষার্থীরা জানে না তারা কবে বই হাতে পাবে। তিনি আগামী ২৫ জানুয়ারীর মধ্যে পাঠ্যপুস্তক সরবরাহ করার দাবী জানান। নাসির উদ্দিন পিন্টু বলেন, পাঠ্যপুস্তক কেলেংকারির হোতা শেখ হাসিনা দেশ পরিচালনায় সর্বক্ষেত্রেই ব্যর্থ হয়েছেন। আইন-শৃংখলা পরিস্থিতির চরম অবণতি ঘটেছে। বিচারপতি নিয়োগকে কেন্দ্র করে হাইকোর্টে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। তিনি ছাত্র সমাজকে আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে দুর্বার আন্দোলন গড়ে তোলার আহবান জানিয়ে বলেন, হাসিনা সরকারের পতন না হওয়া পর্যন্ত আমরা ঘরে ফিরে যাবো না।

শিবির সভাপতি নূরুল ইসলাম বুলবুল বলেন, বর্তমান ফ্যাসিস্ট সরকার আজ ছাত্রছাত্রীদের শিক্ষা থেকে বঞ্চিত করার ষড়যন্ত্র করছে। সরকারের এই পরিকল্পিত ষড়যন্ত্রের কারণে আগামী চার মাসেও শিক্ষার্থীদের হাতে বই পৌছবে না। তিনি বলেন, এই দুর্নীতিবাজ সরকারের বিরুদ্ধে ছাত্র সমাজ আজ রাজপথে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তুলেছে। প্রয়োজনে বুকের তাজা রক্ত ঢেলে দিয়ে সরকারের পতন ঘটানো হবে।

সভাপতির বক্তব্যে জয়নুল ইসলাম বলেন, শিক্ষা ব্যবস্থা ধ্বংসের জন্য বাকশালী প্রেতাত্মারা উঠেপড়ে লেগেছে। তাদের এই হীন চক্রান্ত ছাত্র সমাজ প্রতিহত করবে। সমাবেশ শেষে ছাত্র ঐক্যের একটি বিশাল বিক্ষোভ মিছিল প্রেসক্লাব, পল্টন হয়ে